সমকাল

তারিখ 03 APR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# 'হোমিও চিকিৎসার উন্নয়নে প্রয়োজন গবেষণা'

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

হোমিও চিকিৎসাবিষয়ক এক সেমিনারে বক্তারা বলেছেন, দেশে হোমিও চিকিৎসার ব্যাপক প্রচলন থাকলেও এ নিয়ে গবেষণা হয় না। এ চিকিৎসা পদ্ধতির উন্নয়নে গবেষণা হওয়া দরকার। পাশাপাশি হোমিও চিকিৎসকদের জন্য দেশে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসি মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করা হয়। ৩৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হোমিও পেশাজীবী সমিতি (হোপেস) এ আয়োজন করে।

সেমিনার উদ্বোধন করেন ঢাবি উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক। হোপেস উপদেষ্টা পরিষদের চেয়ারম্যান মইন উদ্দীন খান বাদল এমপির সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী, এ কে এম শাহজাহান কামাল এমপি, ছবি বিশ্বাস এমপি, সুকুন ইনস্টিটিউট অব ইন্ডিয়ার পরিচালক ডা. আনির বিন সুকুন, হোপেসের প্রতিষ্ঠাতা সদস্য ও স্কাই ভিউ গ্রুপের ব্যবস্থাপনা ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## হোমিও চিকিৎসার

[তৃতীয় পৃষ্ঠার পর]

পরিচালক ডা. এন জোহা এবং বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল ফেডারেশনের সভাপতি ডা. শাখাওয়াত ইসলাম। সঞ্চালনা করেন হোপেসের সভাপতি ডা. আবদুর রাজ্জাক তালুকদার। এ সময় আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, হোমিও চিকিৎসার গুণগত মান বৃদ্ধি করা দরকার। ভালো চিকিৎসা দিতে পারলে এর গ্রহণযোগ্যতা থাকবে। মান বাড়াতে পারলে দেশে হোমিও চিকিৎসা আরও অনেক এগিয়ে যাবে বলে মন্তব্য করেন তিনি।

এ টি এম শাহজাহান কামাল বলেন, হোমিও চিকিৎসা নিয়ে গবেষণা এবং চিকিৎসকদের জন্য প্রশিক্ষণ সুবিধা থাকা প্রয়োজন। দেশে একটি হোমিও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা দরকার বলে মত দেন তিনি।

অনুষ্ঠানে হোপেসের পক্ষ থেকে ১৯ দফা দাবি উপস্থাপন করা হয়। এর মধ্যে রয়েছে– সব বিশ্ববিদ্যালয়ে হোমিও বিষয়ে বিএইচএমএস কোর্স চালু করা, প্রতিটি হাসপাতালে হোমিও চিকিৎসক নিয়োগ, হোমিও শিল্পের কাঁচামাল প্রাপ্তিতে শর্ত শিথিল, ইন্টার্নি ভাতা তিন হাজার টাকা করা, বাজেটে হোমিওপ্যাথির জন্য পৃথক বরাদ্দ ইত্যাদি।